

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৭৫

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়ঃ ঋণক্ষয় সক্ষিতি সংরক্ষণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৪৪(২) অনুযায়ী সকল সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানকে নিম্নরূপভাবে ৩০ জুন ২০২৩ ভিত্তিক ঋণক্ষয় সক্ষিতি সংরক্ষণের নির্দেশনা দেয়া হলো:


ঋণ শ্রেণীবদ্ধকরণ	বকেয়া (দিন)	আসলের উপর হার (%)
নিয়মিত	ঋণস্থিতি যাহার কোন কিস্তি খেলাপী নেই	১%
পর্যবেক্ষণযোগ্য	১ থেকে ৩০ দিন পর্যন্ত খেলাপী ঋণ	৫%
নিম্নমান	৩১ থেকে ১৮০ দিন পর্যন্ত খেলাপী ঋণ	২৫%
সন্দেহজনক	১৮১ থেকে ৩৬৫ দিন পর্যন্ত খেলাপী ঋণ	৭৫%
মন্দ ঋণ	৩৬৫ দিনের অধিক মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণ	১০০%

২। তবে ক্ষুদ্রঋণ সেক্টরে কোভিড-১৯ উদ্ভূত নেতিবাচক প্রভাব এখনও কিছুটা বিদ্যমান থাকায় কোন প্রতিষ্ঠান উক্ত বিধি অনুসরণে অসমর্থ হলে ৩০ জুন ২০২৩ ভিত্তিক নিয়মিত, পর্যবেক্ষণযোগ্য ও নিম্নমান ঋণের উপর উপর্যুক্ত হারে এবং সন্দেহজনক ঋণের উপর ন্যূনতম ৬৫% ও মন্দঋণের উপর ন্যূনতম ৮০% ঋণক্ষয় সক্ষিতি সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে মোট সক্ষিতির পরিমাণ এমআরএ/সার্কুলার লেটার নং-৭৪ মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০২২ ভিত্তিক সংরক্ষিত ঋণক্ষয় সক্ষিতি অপেক্ষা কম হবে না। এতদ্ব্যতীত আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩ হতে সকল প্রতিষ্ঠানকে উক্ত বিধিমালায় বিধি ৪৪ অনুসরণে ঋণক্ষয় সক্ষিতি সংরক্ষণ করতে হবে।

৩। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ৪৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মো: জিব্বুর রহমান)
পরিচালক


ফোনঃ ০২-৮৩৩২৫৩৮

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২৩-১৩৭৮

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- (১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- (২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
- (৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- (৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
- (৫) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
- (৬) গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোহাম্মদ কামাল হোসেন)
উপপরিচালক